অভিবাসী তথ্য কেন্দ্র
MIGRANT RESOURCE CENTRE



# কাতারে অভিবাসন

## পরিকল্পনা, প্রস্তুতি এবং সুরক্ষা

**বাংলাদেশি অভিবাসীদের জন্য গুরুত্বপূর্ণ ৩টি ধাপ**

অভিবাসী তথ্য কেন্দ্র (এমআরসি) দেশের বাইরে কাজ করতে যেতে আগ্রহী বা অভিবাসী হিসেবে যেতে ইচ্ছুক ব্যক্তিদের সঠিক তথ্য অবহিত করার মাধ্যমে সুস্পস্ট সিদ্ধান্ত নিতে সহায়তা করে। এমআরসি বহির্গামী এবং সম্ভাব্য অভিবাসীদের যেসব তথ্য ও পরামর্শ প্রদান করে থাকে: বিদেশে কাজ এবং জীবনযাপন পরিস্থিতি, কর্মসংস্থানের প্রক্রিয়া, অভিবাসী শ্রমিকদের অধিকার ও দায়বদ্ধতা, অভিবাসন আইন ও নীতিমালা, গন্তব্য দেশগুলোর আইন ও সংস্কৃতির চর্চা, সুরক্ষা ব্যবস্থা গ্রহণ, জাতীয় দক্ষতা উন্নয়ন ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রোগ্রাম সম্পর্কিত তথ্য, বৈদেশিক কর্মসংস্থান এবং অভিবাসীদের কল্যাণে বাংলাদেশ সরকারের বিভিন্ন উদ্যোগ এবং অবৈধ/অনিয়মিত অভিবাসনের ঝুঁকি ও বিপদ সম্পর্কিত তথ্য।

## কাতার

কাতার গালফ অঞ্চলে একটি স্বাধীন আমিরাত (আরবি ইসলামি রাজতন্ত্র)। দেশটি একটি উপদ্বীপে অবস্থিত যা আরব উপদ্বীপ থেকে প্রায় ১৬০ কিলোমিটার (৯৯ মাইল) উত্তরে পারস্য উপসাগর পর্যন্ত বিস্তৃত। দেশটির চারপাশে রয়েছে সৌদি আরব, বাহরাইন এবং ইরান।

কাতারের মোট আয়তন ১১,৫৭১ বর্গকিলোমিটার (৪,৪৬৭ বর্গমাইল) এবং কাতারের জনসংখ্যা আনুমানিক ২.৮৮ মিলিয়ন। দোহা কাতারের বৃহত্তম শহর এবং এর রাজধানী। অন্যান্য বড় শহরগুলির মধ্যে রয়েছে, আল ওয়াকরাহ, আল রায়য়ান এবং আল খোর।



কাতার মুসলিম জনসংখ্যা অধ্যুষিত একটি আরব ইসলামি রাষ্ট্র।

কাতারের জলবায়ূ মরুভূমির বৈশিষ্ট্য, দিনে প্রচণ্ড গরম এবং রাতে তাপমাত্রা কম থাকে।

কাতারের মুদ্রার নাম রিয়াল (০১ রিয়াল = ২৩.২৩ টাকা প্রায়)।







## প্রয়োজনীয় কাগজপত্র


বৈধ পাসপোর্ট এবং কমপক্ষে ১ বছর মেয়াদ থাকতে হবে


জাতীয় পরিচয় পত্র এবং বিএমইটি প্রদত্ত স্মার্ট কার্ড


সাদা ব্যাকগ্রাউন্ডে সাম্প্রতিক ২ কপি রঙিন ছবি (৩x৪ সে:মি:)


কাতারের নাগরিক (কফিল) বা কোম্পানি কর্তৃক কাজের জন্য ভিসা


চাকরির চুক্তিপত্র/নিয়োগকারী সংস্থা থেকে সুপারিশের চিঠি


প্রবাসে অর্থ সংরক্ষণের জন্য ব্যাংক অ্যাকাউন্ট


ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড দ্বারা প্রবাসী কর্মী বিমা

টিটিসি থেকে ভাষা এবং দক্ষতা প্রশিক্ষণের সনদ


অনুমোদিত চিকিৎসা কেন্দ্র থেকে স্বাস্থ্যের ছাড়পত্র সনদ


স্পনসর, নিয়োগকর্তা এবং রিক্রুটিং এজেন্সির নাম, ঠিকানা ও ফোন নম্বর

## ধাপ ১ - আপনার ভ্রমণ পরিকল্পনা করুন এবং সকল তথ্য জানুন


প্রবাসে থাকার মেয়াদ সম্পর্কে সচেতন থাকুন এবং সেই অনুযায়ী পরিকল্পনা করুন


অবশ্যকরণীয় নিয়মকানুন জানতে কাতার দূতাবাস, বিএমইটি, ডিইএমও-তে যোগাযোগ করুন


প্রয়োজনীয় সকল কাগজ নিজের সঙ্গে রাখুন এবং পরিবারের কাছে কপি রাখুন


প্রবাসে থাকাকালীন অর্থ ব্যবস্থাপনার জন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাহায্য নিন


যাওয়ার সময় কাতারে বাংলাদেশ দূতাবাসে নিবন্ধিত হোন এবং নিয়মিত যোগাযোগ রাখুন


বিএমইটিতে নিবন্ধিত হয়ে স্মার্ট কার্ড সংগ্রহ করুন


চাকরির চুক্তিপত্রে প্রয়োজনীয় সবকিছুর বিস্তারিত বিবরণ অবশ্যই থাকতে হবে


চাকরির মেয়াদকাল বুঝে ভিসা নবায়ন করুন

নিবন্ধিত প্রবাসী কর্মী হিসেবে আপনি অবশ্যই ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বিমাকৃত। কোন কারণে কর্মীর মৃত্যু হলে, পরিবারের সদস্যকে ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা দেওয়া হবে বা গুরুতর আঘাত/পঙ্গুত্বের ক্ষেত্রে আহত কর্মী/পরিবারের সদস্যকে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা দেওয়া হবে। উল্লেখ্য, ক্ষতিপূরণের দাবি আঘাতের ধরনের উপর নির্ভর করে পৃথক হতে পারে।

- কাফালা ব্যবস্থা: কাতারে পরিবর্তিত শ্রম আইন কার্যকর হয়েছে। তাতে কাফালা ব্যবস্থায় কিছু পরিবর্তন এসেছে। তার মধ্যে অন্যতম হলো সেখানে কর্মরত প্রবাসীরা নিয়োগকর্তার অনুমতি ছাড়াই চাকরি পরিবর্তন করতে পারবেন। নিয়োগকর্তাকে শুধুমাত্র লিখিতভাবে জানালেই চলবে। নিয়োগকর্তার অনুমতি ছাড়াই দেশত্যাগ করতে পারবেন। শুধুমাত্র গৃহকর্মে নিয়োজিত কর্মীদের দেশত্যাগের কমপক্ষে ৭২ ঘন্টা পূর্বে তাদের নিয়োগকর্তাকে জানাতে হবে। এছাড়াও, সকল কর্মীদের জন্য নূন্যতম মাসিক মজুরি ১০০০ কাতারি রিয়াল নির্ধারণ করা হয়েছে।

**Metrash2:** কাতারের বাসিন্দারা 'Metrash2' অ্যাপ ব্যবহার করে তাদের মোবাইল ডিভাইসের মাধ্যমে কাতারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১০০ টিরও বেশি সেবা পেয়ে থাকেন। 'Metrash2' বিনামূল্যে পাওয়া যায়। Google Play/App Store থেকে অ্যাপটি ডাইউলোড এবং ইন্সটল করা যায়।

## ধাপ ২ - নিজেকে প্রস্তুত করুন এবং সচেতন হোন

### কাজের সময়, ট্রায়াল/শিক্ষানবিশকাল এবং ছুটি:

- সপ্তাহে ৬ কার্যদিবসে প্রতিদিন ৮ ঘন্টা কাজ (প্রতি সপ্তাহে ৪৮ ঘন্টা, রমজান মাসে সপ্তাহে ৩৬ ঘন্টা)।

---

- এক্সিকিউটিভ পদের জন্য শিক্ষানবিশকাল ৯০ দিন এবং ম্যানেজমেন্ট পদের জন্য ১২০ দিন।
- স্বল্প মেয়াদী চুক্তিগুলির ক্ষেত্রে:
  - ৩ মাসের চেয়ে কম সময়ের জন্য ৫ দিন;
  - ৩-৬ মাসের চুক্তির জন্য ১৫ দিন;
  - ৬ মাসের বেশি হলে ৩০ কার্যদিবস;
  - মানেজমেন্ট পদে কর্মরতদের জন্য ৪৫ কার্যদিবস শিক্ষানবিশকাল হয়ে থাকে।

---

- অভিবাসী কর্মীর থাকা সংক্রান্ত যাবতীয় বিষয়ে নিয়োগকর্তা দায়বদ্ধ এবং তিনি স্পন্সরশিপ প্রত্যাহার করতে পারেন।

---

- ওভারটাইমের মজুরি হবে কর্মীর মূল বেতনের ন্যূনতম ১২৫%;
- রাত ৯ টা থেকে ভোর ৩ টা পর্যন্ত ওভারটাইমের মজুরি হবে মূল বেতনের ১৫০%।

---

- শ্রম আইনের বিধান অনুসারে কর্মী প্রতি বছর কমপক্ষে ২০ কার্যদিবস সাধারণ ছুটি পাবেন।
- অসুস্থতাজনিত ছুটির ক্ষেত্রে মেডিকেল সার্টিফিকেট প্রয়োজন (২ সপ্তাহের ছুটি হলে পূর্ণ বেতন এবং ৪ সপ্তাহের দীর্ঘ ছুটি হলে অর্ধেক বেতন প্রযোজ্য)।

---

### নিজেকে প্রস্তুত এবং ভালোভাবে কাজ করার কৌশল



স্বাস্থ্যের প্রতি যত্নবান হোন

এইচআইভি এবং অন্যান্য যৌন রোগ এড়াতে সতর্ক থাকুন





অবৈধ ওষুধ সেবন করবেন না

আইনকানুন মেনে চলুন





সাধারণ প্রথা, সংস্কৃতি এবং রীতিনীতি জেনে নিন

সংস্কৃতি ও ধর্মকে সম্মান করুন






সম্ভব হলে স্থানীয় ভাষা (আরবি) শিখুন

সকল লিঙ্গের প্রতি শ্রদ্ধাশীল হোন এবং কখনই কাউকে উত্যক্ত করবেন না, কটাক্ষ বা দৃষ্টিকটুভাবে তাকাবেন না





কাগজপত্রের মেয়াদের প্রতি খেয়াল রাখুন

ব্যাংক বা মানি ট্রান্সফার কোম্পানির মাধ্যমে পরিবারের কাছে অর্থ পাঠাতে পারেন





উপার্জনের অর্থ বাংলাদেশে আপনার বা আপনার পরিবারের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি জমা করতে পারেন

সতর্ক হন এবং চারপাশ সম্পর্কে সজাগ থাকুন



## দৈনন্দিন কর্মক্ষেত্রের সুরক্ষা ব্যবস্থা

- সঠিকভাবে যন্ত্রপাতি ব্যবহার করুন
- সঠিক সুরক্ষা ব্যবস্থা, সরঞ্জাম, এবং পোশাক ব্যবহার করুন
- নিজের এবং সহকর্মীদের সুবিধার্থে কাজের জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন
- কোনো কিছু ওঠানোর সময় শরীরকে সঠিক ভঙ্গিতে রাখুন
- বাইরের কাজের সময় তাপমাত্রার প্রতি খেয়াল রাখুন
- কাজের মধ্যে কিছুক্ষণ পরপর বিরতি নিন

## নতুন কাজের পরিবেশের সাথে মানানসই ও মানিয়ে নেওয়ার কৌশল

- অন্যদের সাথে বন্ধুত্বপূর্ণ হোন, কথা বলুন এবং সাহায্য করুন
- কর্মপরিবেশ ও সহকর্মীদের সম্মান করুন এবং সময়নিষ্ঠ হোন
- অন্যদের থেকে নিজের কাজের মূল্যায়ন জেনে নিন, নতুন কিছু শিখুন
- কর্মপরিবেশ ও সহকর্মীদের পর্যবেক্ষণ করে তাদের সাথে নিজেকে মানিয়ে নিন

## ধাপ ৩ - আপনার অধিকার ও কর্তব্য সম্পর্কে জানুন এবং নিজেকে রক্ষা করুন

নিবন্ধিত অভিবাসী কর্মী হিসেবে আপনার কোনও অধিকার লঙ্ঘিত হলে অভিযোগ করার এবং আশ্রয় নেওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি যদি মনে করেন কাতারের নাগরিক না হওয়ায় আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, অন্যায় করা হয়েছে বা খারাপ আচরণ করা হয়েছে, তাহলে আপনি অভিযোগ করতে পারবেন। এই প্রকাশনার শেষ অংশে সরকারি প্রতিষ্ঠানসমূহের যোগাযোগের ঠিকানা দেয়া আছে যেখান থেকে আপনি সহযোগিতা বা প্রতিকার পেতে পারেন।

- পাসপোর্ট, ভিসা, ওয়ার্ক পারমিট এবং কর্মসংস্থানের কাগজ নিজের সাথে রাখুন
- নিয়োগকারী অবশ্যই রেসিডেন্স পারমিট প্রদান করবে (বা কোন কোন ক্ষেত্রে ওয়ার্ক পারমিট)
- চুক্তিতে উল্লেখিত থাকলে আবাসনসহ অন্যান্য সুবিধাদি বুঝে নিন
- মাস শেষে একবার বেতন পাওয়া আপনার অধিকার
- চাকরি ছেড়ে দিলে, বরখাস্ত হলে বা গ্রেপ্তার হলেও নিজের সম্পন্ন করা কাজের মজুরি পাওয়ার অধিকার আপনার রয়েছে
- নিয়োগের শর্তাদি লঙ্ঘন হলে হিউম্যান রিসোর্স মন্ত্রণালয়ে অভিযোগ করুন

আপনি যদি বেতন-ভাতা, ছুটি, অন্যান্য সুবিধা না পেয়ে থাকেন বা নিয়োগকর্তার সাথে কাজ সম্পর্কিত অন্য কোনও মতবিরোধ হয়, সেক্ষেত্রে আপনি কাতারের জাতীয় মানবাধিকার কমিটির কাছে অভিযোগ করতে পারেন। এছাড়াও দোহায় অবস্থিত বাংলাদেশি দূতাবাস এবং লেবার উইং, বাংলাদেশে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিএমইটি এবং ডিইএমও-তে যোগাযোগ করতে পারেন। মজুরি আদায় ও ক্ষতিপূরণ আদায়ের জন্য বাংলাদেশে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং এমআরসি আপনার সমস্যার সমাধানের জন্য আপনাকে পরামর্শ দিয়ে থাকে।

*এই প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগের জন্য সম্পূর্ণ ঠিকানা প্রকাশনার শেষ অংশে দেয়া আছে*

## আপনার রেমিট্যান্স সঠিকভাবে ব্যবহার করুন


একটি নতুন দেশে যাওয়া সহজ কোনও ব্যাপার নয়। নতুন দেশে সাংস্কৃতিক পার্থক্য রয়েছে এবং সেখানে নিজেকে মানিয়ে নেয়া কঠিন হতে পারে। বিদেশে যাওয়ার সময় অর্থ অবশ্যই অন্যতম গুরুত্বপূর্ন বিষয় হতে পারে।




স্থানীয় ব্যাংকে অ্যাকাউন্ট খুলুন



অনলাইন ব্যাংকিং ব্যবহার করুন



দেশে একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলা রাখুন



নিয়ম মাফিক ব্যাংকিংয়ের মাধ্যমে রেমিট্যান্স পাঠান

## কাতারের কিছু শব্দ বা বাক্য

| আরবি | ইংরেজি | বাংলা |
|---|---|---|
| Salam! | Hi! | কি খবর? |
| Sabah el kheer | Good morning! | শুভ সকাল |
| Masaa el kheer | Good evening! | শুভ সন্ধ্যা |
| Marhaban | Welcome! (to greet someone) | ওয়েলকাম |
| Kaifa haloka/ haloki (female) | How are you? | আপনি কেমন আছেন? |
| Ana bekhair, shokran! | I'm fine, thanks! | ধন্যবাদ! আমি ভাল আছি |
| Wa ant? / Wa anti? (female) | And you? | আর, আপনি ? |
| Jayed/ 'aadee | Good/ So-So. | ভাল/ মোটামুটি |
| Shokran (jazeelan) | Thank you (very much)! | আপনাকে অনেক ধন্যবাদ! |
| Al'afw | You're welcome! (for "thank you") | আপনাকেও ধন্যবাদ! |
| Ahlan sadiqi/ sadiqati! | Hey! Friend! | কি খবর বন্ধু! |
| Maljadeed? | What's new? | নতুন কি খবর? |
| Lashai jadeed | Nothing much. | তেমন কিছু নেই |
| Ma'a salama | Good bye! | বিদায়! |
| Hal beemkanek mosa'adati? | Can you help me? | আপনি কি আমাকে সাহায্য করতে পারেন? |
| Ayna ajedu (al merhaad/ assaidaliah)? | Where is the (bathroom/ pharmacy)? | বাথরুম/ফার্মেসী কোথায়? |
| Kam howa thamanoh? (th as in bath) | How much is this? | এটির দাম কত? |
| Aasef! | Sorry (for a mistake) | আমি দুঃখিত |
| A'ed men fadlek!/ A'eedi men fadleki | Can you say it again? | আপনি কি পুনরায় বলতে পারেন? |
| Ghadan/ Albareha | Tomorrow/ Yesterday | আগামীকাল/গতকাল |
| Alyawm/ Al aan | Today/ Now | আজ/এখন |
| Na'am/ Laa | Yes/ No | হ্যাঁ/না |

### হাসপাতাল

**হামাদ জেনারেল হাসপাতাল, দোহা**
কাস্টমার সার্ভিস: ১৬০৬০, ফোন: (+৯৭৪) ৪৪৩৯ ৫৭৭৭
ই-মেইল: nesmaak@hamad.qa

**আল ওয়াকরাহ হাসপাতাল, আল ওয়াকরাহ**
ফোন: (+৯৭৪) ৪০১১ ৪৪৪৪
ই-মেইল: nesmaak@hamad.qa

**কমিউনিকেবল ডিজিস সেন্টার, দোহা**
ফোন: (+৯৭৪) ৪৪৩৯ ৫৭৭৭
ই-মেইল: nesmaak@hamad.qa

### গুরুত্বপূর্ণ স্থানীয় নম্বর (কান্ট্রি কোড: +৯৭৪)

**সাধারণ ইমার্জেন্সি নম্বর**

**৯৯৯**

*(এটি একটি টোল ফ্রী নম্বর এবং লক থাকা অবস্থাতেও যে কোনও ফোন থেকে ডায়াল করা যায়)*

হেলথ সেন্টার (হায়াক): ১০৭
ভ্রাম্যমাণ পুলিশ: ৪৮৯০৬৬৬
ইমিগ্রেশন ও পাসপোর্ট: ৮৮২৮৮২

## আরও বেশি তথ্যের জন্য অভিবাসী তথ্য কেন্দ্রে যোগাযোগ করুন। আমাদের সকল সেবা একদম ফ্রি!

# অভিবাসী তথ্য কেন্দ্র, বাংলাদেশ

**অভিবাসী তথ্য কেন্দ্র- ঢাকা**
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, বাংলাদেশ
মোবাইল: +৮৮ ০১৭৩০৬৬৬৯৩৬
ই-মেইল: info@mrc-bangladesh.org

**অভিবাসী তথ্য কেন্দ্র- কুমিল্লা**
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুমিল্লা
২৫ চান্দলা হাউজ, বাগিচাগাঁও
কুমিল্লা-৩৫০০, বাংলাদেশ
মোবাইল: +৮৮ ০১৭১৩০৮৬৩৩০
ই-মেইল: info@mrc-bangladesh.org

www.mrc-bangladesh.org
Migrant Resource Centre Bangladesh

## সরকারি প্রতিষ্ঠান

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
প্রবাসী কল্যাণ ভবন, ৫ম তলা, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮-০২-৪১০৩০৪৪৪
ই-মেইল: secretary@probashi.gov.bd, ওয়েবসাইট: https://probashi.gov.bd/

**জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ঢাকা**
প্রবাসী কল্যাণ ভবন, নিচ তলা, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮-০২-৫৫১৩৮৬৮৪-৫, ই-মেইল: demodhaka@bmet.gov.bd
ওয়েবসাইট: http://bmet.dhaka.gov.bd/

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮-০২-৯৩৪৩২৪৭, ৪৮৩১৮২০৪
ই-মেইল: info@wewb.gov.bd, ওয়েবসাইট: http://www.wewb.gov.bd/

**প্রবাসী কল্যাণ ব্যাংক**
হেড অফিস: প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, বাংলাদেশ
ই-মেইল: info@pkb.gov.bd
ওয়েবসাইট: www.pkb.gov.bd

**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)**
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
ফোন: +৮৮-০২-৪৯৩৫৭৯৭২, ৪৯৩৪৯৯২৫
ই-মেইল: bmet@bmet.gov.bd
ওয়েবসাইট: www.bmet.gov.bd

**জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), কুমিল্লা**
২৫, চান্দলা হাউজ, বাগিচাগাঁও, কুমিল্লা-৩৫০০, বাংলাদেশ
ফোন: +৮৮-০২-০৮১৬-৫৪৮৭
ই-মেইল: democomilla@gmail.com
ওয়েবসাইট: http://bmet.comilla.gov.bd

**বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফেন্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০, বাংলাদেশ
ই-মেইল: info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েবসাইট: www.boesl.gov.bd

**বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)**
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮-০২-৯৩৪৫৫৮৭, +৮৮-০২-৯৩৩১২৪৪, +৮৮-০২-৯৩৪৮০৯৬
ই-মেইল: baira1984@gmail.com
ওয়েবসাইট: www.baira.org.bd

**কাতার দূতাবাস, ঢাকা**
বাড়ি নং: ১, রোড নং: ৭৯/৮১
গুলশান ২, ঢাকা ১২১২
ফোন:
+৮৮ ০২ ৯৮৮৭৪২৯
+৮৮ ০২ ৮৮১৯৯৩০
ই-মেইল:
dhaka@mofa.gov.qa
ওয়েবসাইট:
https://dhaka.embassy.qa/en

**বাংলাদেশ দূতবাস, দোহা**
বাড়ি: ১৫৩, রোড: ৮২০
জোন: ৪৩, পি.ও. বক্স: ২০৮০
মুসাব বিন উমাইর, আল হিলাল, দোহা
ফোন:
+৯৭৪ ৪৪ ৬৭১৯২৭
+৯৭৪ ৪৪ ৬৭৩৪৭১
ই-মেইল:
mission.doha@mofa.gov.bd
bdootqat@gmail.com
ওয়েবসাইট:
https://www.bdembassydoha.org/

**শ্রম কল্যাণ উইং (লেবার উইং) কাতার**
ই-মেইল:
কাউন্সেলর (শ্রম)
counselordoha@probashi.gov.bd
প্রথম সচিব (শ্রম)
fsdoha@probashi.gov.bd
ওয়েবসাইট:
https://www.bdembassydoha.org/

সহযোগিতায়
European Union
Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
Swiss Confederation
Federal Department of Justice and Police FDJP
State Secretariat for Migration SEM

বাস্তবায়নে
ICMPD
International Centre for Migration Policy Development